গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাতলা,বগুড়া
website:sonatala.bogra.gov.bd

স্মারক নং ঃ ০৫.৫০.১০৯৫.০০৬.০৬.০০২.২৬- ১৬

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

## সরকারি জলমহাল ইজারার আবেদনপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা সোনাতলা উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সোনাতলা উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে মৎস্যজীবি সমবায় সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনাতলা ও উপজেলা ভূমি অফিস, সোনাতলা, বগুড়া এর কার্যালয় ও ওয়েব সাইটে পাওয়া যাবে।

### ক্যালেন্ডার

| ক্রম | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি - ২৯ জানুয়ারি /২০২৬) | অনলাইন আবেদন দাখিল |
| ০২ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি-০৩ ফেব্রুয়ারি/২০২৬) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি - ১১ ফেব্রুয়ারি/২০২৬) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই। |
| ০৪ | ২৯ মাঘ থেকে ৫ ফাল্গুন এর মধ্যে (১২ ফেব্রুয়ারি - ১৮ ফেব্রুয়ারি/২০২৬) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি - ১১ মার্চ /২০২৬) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক, বগুড়া কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চ /২০২৬) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চ /২০২৬) | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ লা বৈশাখ (১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |
| | অনলাইন আবেদন করার লিংক | jm.lams.gov.bd |

### জলমহালের বিবরণ ঃ

| ক্রম | জলমহালের নাম | মৌজা | দাগ নং | জমির পরিমাণ (একরে) | ৫% বৃদ্ধিতে ০১ বছরের সরকারি মূল্য | ০৩ বছরের সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ক্ষেত্রসার পুকুর | বড় বালুয়া | ৩৩৭ | ১.৩৭ | ১৬,৮০০/- | ৫০,৪০০/- |
| ২ | পদ্মপাড়া বিল | পদ্মপাড়া | ৫১৫ | ১৪.১৫ | ২৪,৫৩৯/- | ৭৩,৬১৬/- |
| ৩ | কলসদহ বিল | কলসদহ | ৩৯০ | ১২.১১ | ৫,৩৫,৫০০/- | ১৬,০৬,৫০০/- |
| ৪ | নিশ্চিন্তপুর বিল | নিশ্চিন্তপুর | ৩৭১/৬৪৯ | ৭.৬৩ | ৮০,৫০১/- | ২,৪১,৫০৪/- |
| ৫ | কুমিরখাকী বিল | কানুপুর | ৫৫৫,৫৫৬ | ৬.৬৮ | ১১,৯৩৫/- | ৩৫,৮০৫/- |
| ৬ | শালিখা বিল | পাকুল্লা | ৫৩,৬০০ | ১১.৩৯ | ৬১,২৫১/- | ১,৮৩,৭৫২/- |

ইজারা সংক্রান্ত যে কোন বিষয় সংযোজন/ বিয়োজন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## শর্তাবলি ঃ-

১। উপরোক্ত সরকারি খাস বদ্ধ জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ী ভাবে ইজারা প্রদান করা হবে ।

২। বিগত ০৩(তিন) বছরের গড় ইজারার মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে, উল্লেখ্য, সরকারি মূল্যের চেয়ে কম ইজারা মূল্যে ইজারা দেয়া হবে না ।

৩। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন ও সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনা সমিতি আবেদন করতে পারবেন ।

৪ নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/ সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন ।

৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি /সংগঠনকে আবেদনপত্রের সাথে সংগঠন /সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারির সত্যায়িত ০৩(তিন) কপি ছবি সংযোজন করতে হবে।এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন ০৩ (তিন) বছর মেয়াদি ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল মৎস্য চাষ / উৎপাদন / সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৬। আবেদনকারির সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নন, তাহলে উক্ত সমিতি জলমহাল ইজারা প্রাপ্তির অযোগ্য বিবেচিত হবে ।এ ছাড়া আবেদনকারি মৎস্যজীবি সংগঠন / সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিলসহ বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে । তবে নতুন সংগঠন /সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৭। আবেদনকারিকে উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়ার অনুকুলে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত বাবদ তফসিলি ব্যাংক হতে বিডি / পে-অর্ডার আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে। উক্ত অর্থ ইজারা মেয়াদের শেষ বৎসরের সাথে সমন্বয় করা হবে । প্রতিটি শিডিউল ক্রয়ের জন্য নির্ধারিত কোডে ৫০০/- (পাঁচশত) টাকা চালানমূলে ( কোড:১/৪৬৩১/০০০০/১২৬১) প্রদান করতে হবে।

৮। ইজারার জন্য প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি সনদ প্রদানকারি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে ।

৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন /সমিতি ১ম বৎসরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) দিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০০০০/০১১১ নং কোডে এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নং কোডে জমা দিতে হবে অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে এবং জলমহাল পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে ।

১০। নির্ধারিত দিবসের মধ্যে ইজারামূল্য, আয়কর ও ভ্যাট পরিশোধে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে ।

১১। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাদাতাকে নিজ উদ্যেগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল অনুযায়ী (৩০০/- তিনশত) টাকার নন- জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে , অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না । কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে- দখল না করতে পারে তা ইজারা গ্রহীতাকে নিশ্চিত করতে হবে ।

১৩। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মানতে হবে ।

১৪। ইজারা গ্রহীতা কোন জলমহাল সাব-লিজ দিতে পারবে না । যদি উক্তরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে ।

১৫। ইজারা গ্রহীতা জলমহালের সীমানা ঠিক রাখবে। জলমহালের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবে না । নিজ দায়িত্বে
ইজারাকৃত জলমহালের সরকারি সম্পত্তি সংরক্ষণ করতে হবে ।

১৬। ইজারা গ্রহীতা জলমহালের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না ।

১৭। ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারিকৃত সরকারি আদেশ নির্দেশ মেনে চলতে হবে । ইজারা প্রদানকৃত জলমহালের সরকারি ভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে ।

১৮। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০ (ত্রিশ ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৯। ইজারা গ্রহীতা উর্ধ্বতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবে ।

২০। বৎসরের যে কোন সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩৩ হতে কার্যকর বলে গণ্য হবে ।

২১। যে কোন আবেদনপত্র বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলঅথবা অন্য কোনরূপ সিদ্ধান্তগ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন ।

২২। কোন ক্রমেই কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন / সমাজ ভিত্তিক মৎস্য ব্যবস্থাপনা সমিতিকে ০২( দুই) টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত প্রদান করা যাবে না ।

২৩। মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনএর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলেএবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে বা জলমহাল সংক্রান্ত সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি/সংগঠনের অনুকূলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৪.০১.২৬

(স্বীকৃতি প্রামানিক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা খাসবদ্ধ জলমহাল ইজারা প্রদান কমিটি
সোনাতলা, বগুড়া
**ইমেইলঃ unosonatola@mopa.gov.bd**

স্মারক নং ঃ ০৫.৫০.১০৯৫.০০৬.০৬.০০১.২৬- ১৬

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২
০৪ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। পুলিশ সুপার, বগুড়া।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), বগুড়া।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, সোনাতলা,বগুড়া।
৬। উপজেলা নির্বাহী অফিসার ...............................................................(সকল) বগুড়া।
৭। সহকারী কমিশনার (ভূমি), সোনাতলা, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকল ইউনিয়ন ভূমি সহাকারী কর্মকর্তা কর্তৃক জারি অন্তে প্রতিবেদন ৭(সাত)দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৮। প্রশাসক, সোনাতলা পৌরসভা, বগুড়া।
৯। অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়া। তাঁকে দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ জানান হলো।
১০। উপজেলা..........................................কর্মকর্তা, সোনাতলা, বগুড়া। তাঁকে তার অফিসের নোটিশ বোর্ডে লটকিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, সোনাতলা বগুড়া। তাঁকে তাঁর এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সম্পাদক, দৈনিক----------------------------------------, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতায় ১ দিনের জন্য স্বল্প পরিসরে প্রচারের অনুরোধ জানান হলো।
১৩। জনাব---------------------------------ইজারাদার,-----------------------জলমহাল বাংলা ১৪৩২ সালের ৩০ চৈত্র তারিখের মধ্যে দখল লিখিতভাবে হস্তান্তরের জন্য অনুরোধ জানানো হলো।
১৪। নোটিশ বোর্ড।

০৪.০১.২৬

(স্বীকৃতি প্রামানিক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা খাসবদ্ধ জলমহাল ইজারা প্রদান কমিটি
সোনাতলা, বগুড়া
**ইমেইলঃ unosonatola@mopa.gov.bd**